জেল থেকে বের হয়েই নৌকার প্রার্থী হলেন বিএনপির ভাইস চেয়ারম্যান শাহজাহান ওমর

চেম্বার ডেস্ক: বিএনপির ভাইস চেয়ারম্যান শাহজাহান ওমর আওয়ামী লীগের প্রার্থী হিসেবে ঝালকাঠি-১ আসন থেকে মনোনয়ন পেয়েছেন।

বৃহস্পতিবার (৩০ নভেম্বর) বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনার স্বাক্ষরিত এক এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিকেলে সংবাদ সম্মেলনে শাহজাহান ওমর নিজেই বিষয়টি জানিয়েছেন।

এর আগে গত তিন বারের সংসদ সদস্য বজলুল হক হারুনকে এ আসনে মনোনয়ন দিয়েছিল আওয়ামী লীগ।

আজ বৃহস্পতিবার সহকারী রিটার্নিং কর্মকর্তা ও রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ফারহানা ইয়াসমিনের কাছে মনোনয়নপত্র জমা দিয়েছেন তিনি।

আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাক্ষরিত জেলা রিটার্নিং কর্মকর্তার কাছে পাঠানো এক চিঠিতে জানা যায়, গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ (আরপিও ১৯৭২) এর আর্টিকেল-১৬(২) ও ১৬
(৩) অনুযায়ী প্রদত্ব ক্ষমতাবলে জাতীয় সংসদ নির্বাচী এলাকা ১২৫ ঝালকাঠি-১ এলাকায় শাহজাহান ওমরকে চূড়ান্ত মনোনয়ন প্রদান করা হয়েছে। অতএব মুহাম্মদ শাহজাহান ওমরকে ঝালকাঠি-১ আসন থেকে নৌকা প্রতীক বরাদ্দ প্রদান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।

শাহজাহান ওমরের বিস্বস্ত এক আইনজীবী জানান, বৃহস্পতিবার দুপুরে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করেন ব্যারিস্টার মুহাম্মদ শাহজাহান ওমর।

এক ঘণ্টার বৈঠক শেষে তিনি নৌকার মনোনয়ন চূড়ান্ত করে চিঠি নিয়ে অনলাইনে মনোনয়নপত্র কিনে পূরণ করে তা রিটার্নিং কর্মকর্তার কাছে দাখিল করেন।

এর আগে রাজধানীর নিউ মার্কেট এলাকায় বাসে আগুনের ঘটনায় বিএনপির

ভাইস চেয়ারম্যান ব্যারিস্টার শাহজাহান ওমরকে জামিন দেন আদালত।

ঢাকার প্রথম অতিরিক্ত মহানগর দায়রা জজ ফয়সাল আতিক বিন কাদেরের আদালত শাহজাহান ওমরের জামিন মঞ্জুর করেন। গতকাল বুধবার (২৯ নভেম্বর) বিকেলে গাজীপুরের কাশিমপুর কারাগার-২ থেকে তিনি মুক্তি পান।